# লিঙ্গ-ভিত্তিক সহিংসতার বিরুদ্ধে 16 দিনের কর্মসূচি

## টুলকিট

16 DAYS OF ACTIVISM AGAINST GENDER-BASED VIOLENCE

NYC Mayor's Office to End Domestic and Gender-Based Violence

NYC Commission on Gender Equity

NYC Mayor's Office of Equity & Racial Justice

WWW.NYC.GOV/16DAYS

# সূচিপত্র

**লিঙ্গ-ভিত্তিক সহিংসতার বিরুদ্ধে 16 দিনের কর্মসূচি আসলে কী?** ........ 3

**অবহিত হোন** ........ 4

লিঙ্গ-ভিত্তিক সহিংসতা কী? 4

লিঙ্গ-ভিত্তিক সহিংসতা স্বরূপ কেমন? 4

লিঙ্গ-ভিত্তিক সহিংসতা কি সর্বদা শারীরিক নির্যাতন জড়িয়ে থাকে? 4

NYC-তে কাদের GBV-র শিকার হওয়ার সম্ভবনা রয়েছে, এবং কেন? 5

লিঙ্গ-ভিত্তিক সহিংসতা ঘটনা কোথায় ঘটে? 5

পরিসংখ্যান: NYC-তে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা 6

**অংশ নিন** ........ 7

বাতর্া ছড়িয়ে দিন 7

অনুষ্ঠানে অংশগর্হণ করুন বা অনুষ্ঠান সংগঠিত করুন 8

সক্ষমতা গড়ে তুলুন 8

যে 10 টি উপায়ে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা রোধ করতে সাহায্য করতে পারেন 8

যারা এর বিরুদ্ধে টিকে থাকার লড়াই করছেন তাদের সহায়তা করুন, তাদের কথা শুনুন এবং তাদের বিশব্াস করুন 9

**সংস্থানসমূহ** ........ 10

NYC HOPE 10

নিউ ইয়কর্ সিটি পারিবারিক নয্ায়বিচার কেন্দর্সমূহ (NYC Family Justice Centers) 11

# লিঙ্গ-ভিত্তিক সহিংসতার বিরুদ্ধে 16 দিনের কর্মসূচি অভিযান আসলে কী?

লিঙ্গ-ভিত্তিক সহিংসতার  বিরুদ্ধে 16 দিনের কর্মসূচি হল মহিলাদের বিরুদ্ধে হিংসা দূরীকরণের আন্তর্জাতিক দিবস তথা 25শে নভেম্বর, থেকে মানবাধিকার দিবস তথা 10ই ডিসেম্বর পর্যন্ত। 1991 সালে এর প্রতিশঠালগ্ন থেকেই GBV প্রতিরোধ ও দূরীকরণে এই অভিযান একটি আন্তর্জাতিক রূপ নিয়েছে।

NYC-এর এই প্রচারাভিযানের যৌথ নেতৃত্বে রয়েছে দ্য মেয়রস অফিস টু এন্ড ডোমেস্টিক অ্যান্ড জেন্ডার-বেসড ভায়োলেন্স (Mayor's Office to End Domestic and Gender-Based Violence, ENDGBV), কমিশন অন জেন্ডার ইক্যুইটি (Commission on Gender Equity, CGE), এবং মেয়রস অফিস অফ ইক্যুইটি অ্যান্ড রেসিয়াল জাস্টিস (Mayor's Office of Equity and Racial Justice, MOERJ)-এর সঙ্গে সহযোগিতায় রয়েছে আমাদের সহকারী সংস্থাগুলি ও নগর প্রশাসনের বিভিন্ন প্রতিষ্ঠান। এই প্রচারাভিযান আন্তঃবিভাগীয়, যাতে কীভাবে একাধিক ধরনের বৈষম্য একে অপরের সঙ্গে মিশে রয়েছে তা শনাক্ত করে, এবং বয়স, জাতিসত্তা/বর্ণ, বিশ্বাস, লৈঙ্গিক পরিচিতি বা প্রকাশ, অভিবাসন অবস্থা, শারীরিক ও মানসিক ক্ষমতা, যৌন অভিমুখীতা এবং আর্থ-সামাজিক অবস্থা নির্বিশেষে, অন্যান্য সংরক্ষিত শ্রেণীসহ, সকল মানুষের বিরুদ্ধে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার বন্ধ করার আহ্বান জানায়।



# অবহিত হোন

## লিঙ্গ-ভিত্তিক সহিংসতা কী?

GBV হল মানসিক, শারীরিক, মৌখিক, যৌন, অথর্নৈতিক, এবং/অথবা সংগঠণী নিযর্াতন যা বিভিন্ন লিঙ্গের মানুষদের অসম ক্ষমতার সম্পকের্ শোষণের আঙ্গিক নিয়ে যাসে।

## লিঙ্গ-ভিত্তিক সহিংসতা স্বরূপ কেমন?

**লিঙ্গ-ভিত্তিক সহিংসতার একাধিক স্বরূপ থাকে, যার মধ্যে রয়েছে:**

- গার্হস্থ্য সহিংসতা, অন্তরঙ্গ সঙ্গী দ্বারা সহিংসতা, শিশু-কিশোর-কিশোরীদের প্রতি সহিংসতা এবং পারিবারিক সহিংসতা
- বরিষ্ঠদের নির্যাতন
- মহিলাদের যৌনাঙ্গ ছেদন
- মানবপাচার, অর্থাৎ, যৌন ও এবং শ্রমজনিত মানবপাচার
- প্রাতিষ্ঠানিক এবং সংগঠণী সহিংসতা, গর্ভপাতে বাধা প্রদান বা জোরপূর্বক বন্ধ্যাত্বকরণ সহ
- অনলাইন হেনস্থা
- যৌন সহিংসতা, যৌন হয়রানি এবং নিপীড়ন
- স্টকিং বা পিছু নেওয়া
- রাস্তায় হেনস্থা

## লিঙ্গ-ভিত্তিক সহিংসতা কি সর্বদা শারীরিক নির্যাতন জড়িয়ে থাকে?

**না, লিঙ্গ-ভিত্তিক সহিংসতা ক্ষেত্রে এক বা একাধিক রকমের হিংসা থাকতে পারে, যার মধ্যে রয়েছে:**

- অর্থনৈতিক
- মানসিক বা মনস্তাত্ত্বিক
- প্রাতিষ্ঠানিক বা সংগঠণী
- শারীরিক
- যৌন
- মৌখিক

## NYC-তে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা ঝুঁকি কাদের বেশি, এবং কেন?

যে কোনো সামাজিক অবস্থার যে কোনো মানুষই লিঙ্গ-ভিত্তিক সহিংসতা শিকার হতে পারেন, যদিও বাকিলা, মহিলা, ও রূপান্তরকামী, অনিশ্চিত-লিঙ্গ ও উভলিঙ্গ (transgender, gender non-conforming and non-binary, TGNCNB) মানুষেরাই বেশি ক্ষতিগ্রস্থ হয়ে থাকেন।

নীচে বিভিন্ন ব্যবস্থায় নিপীড়িত মানুষদের উদাহরণ দেওয়া হল যারা সক্ষমতা বিষয়ক বৈষম্য, বয়সজনিত বৈষম্য, সমকামিতা ভীতি, বর্ণবাদ, লিঙ্গবাদ এবং জেনোফোবিয়ার সহ নানান নিপীড়নের ফলে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা অধিকতর ঝুঁকিতে রয়েছে:

- সমকামী নারী, সমকামী পুরুষ, উভকামী, বিচিত্রকামী (Lesbian, gay, bisexual, and queer, LGBQ) জনসমাজ
- অভিবাসীগণ
- দেশীয় স্থানীয় জনগণ
- প্রতিবন্ধী
- অ-শ্বেতাঙ্গ মানুষজন
- তরুণ-তরুণী ও বরিষ্ঠ জনগণ

## লিঙ্গ-ভিত্তিক সহিংসতা কোথায় হয়?

**সর্বত্র, কিন্তু নিম্নলিখিত স্থান এবং কমিউনিটিগুলি বিশেষভাবে ঝুঁকির মধ্যে রয়েছে:**

- যে কমিউনিটিগুলি সমাজব্যবস্থাজনিত নিপীড়নের দ্বারা বেশি প্রভাবিত হয়, সেগুলি সহ আরো যারা এর সম্মুখীন হয় তাদের সামাজক অবস্থা:
    - দারিদ্র্য
    - কর্মসংস্থানের অভাব
    - বিচারব্যবস্থা থেকে প্রাতিষ্ঠানিক সহায়তার অভাব
    - সমাজে যৌন নির্যাতনের প্রতি সহিষ্ণুতা
- ডিজিটাল ও অনলাইনে
- বিদ্যালয় ও কলেজের মতো শিক্ষায়তনে
- বাড়িতে
- নৈশজীবন যাপনের স্থান যেমন, বার, ক্লাব প্রভৃতি
- পরিবহণ স্থান/স্টেশন
- কর্মক্ষেত্র

## পরিসংখ্যান: NYC-তে লিঙ্গ ভিত্তিক হিংসা

NYC কেয়ারে, 2020-2021 সালে,

# 3x

নিউ ইয়কর্ সিটি পুলিশ ডিপাটর্মেন্ট (New York City Police Department, NYPD)-এর রিপোটের্ দেখা গিয়েছে, অন্তরঙ্গ সঙ্গীদের দব্ারা আকরান্ত হওয়ার নিরিখে মহিলাদের সংখ্যা ছিল পুরুষদের 3 গুণ।[1]

# 2021

ছিল U. S.-তে TGNCNB মানুষদের জনয্ ভয়াবহ।[2]

2020 থেকে 2021 সালের মধেয্, NYC-তে LGBTQ+ পুরুষদের পর্তি পক্ষপাতদুষ্ট ঘটনার হার বেড়েছে

# ⇧ 154%[3]

2018 সালের একটি সমীক্ষায় দেখা গিয়েছে



**75%**
**মহিলা**



এবং
**47%**
**পুরুষ**

জানিয়েছেন তারা NYC গণ পরইবহণ মাধয্মে**হেনস্থা বা ছিনতাইয়ের শিকার হয়েছেন**।[4]

2017 সালের একটি সমীক্ষায় দেখা গিয়েছে



**70%**
TGNCNB
NEW YORK বাসী

বলেছেন যে তারা সমান আচরণ বা পরিষেবা থেকে বঞ্চিত হয়েছেন বা জনসমক্ষে মৌখিক বা শারীরিক নিযর্াতনের শিকার হয়েছেন। [5]

2010 থেকে 2021 সালে,



**কৃষ্ণাঙ্গ ও হিস্পয্ানিক মহিলারা** ছিলেন NYC-তে অন্তরঙ্গ সঙ্গী দব্ারা **নিহতদের মধেয্ 57%**

যা কিনা **মোট সংখ্যার 28%**।[6]

1 www.nyc.gov/assets/ocdv/downloads/pdf/Community-District-FA-IPV-Final-Report.pdf
2 https://www.hrc.org/resources/fatal-violence-against-the-transgender-and-gender-non-conforming-community-in-2021
3 https://www1.nyc.gov/site/nypd/stats/reports-analysis/hate-crimes.page
4 https://wagner.nyu.edu/files/faculty/publications/Pink%20Tax%20Survey%20Results_finaldraft4.pdf
5 https://comptroller.nyc.gov/reports/results-of-a-survey-of-lgbtq-new-yorkers/
6 https://www1.nyc.gov/assets/ocdv/downloads/pdf/2022-Annual-FRC-Report.pdf

# অংশগ্রহণ করুন

**বাতরা্ ছড়িয়ে দিন**

গো অরেঞ্জ দিবসে কযা্মে্পইনের অফিসিয়াল রঙ কমলা পরিধান করে সচেতনতা ছড়াতে সাহাযয্ করুন এবং #NYCAgainstGBV #OrangeTheWorld হযা্শটযা্গগুলির সাথে সোশযা্ল মিডিয়াতে আপনার ছবি পোস্ট করুন। এছাড়াও, কমলা আলোর লাগানোর জনয্ NYC বিলি্ডং এবং লযা্ন্ডমাকর্গুলির সন্ধান করুন!

*সোসাল মিডিয়া গরা্ফিক্স নমুনা*









### অনুষ্ঠানে অংশগ্রহণ করুন বা অনুষ্ঠান সংগঠিত করুন

আমরা সমস্ত New York অধিবাসী এবং New York সিটির প্রতিষ্ঠানগুলিকে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার বিরুদ্ধে 16 দিনের কর্মসূচির অংশ হিসাবে একটি ব্যক্তিগত বা ভার্চুয়াল ইভেন্ট হোস্ট করার জন্য আমন্ত্রণ জানাই। আমাদের ওয়েবসাইট দেখুন (www.nyc.gov/16Days) শহর জুড়ে কী কী কর্মসূচি চলছে তা জানতে।

### সক্ষমতা গড়ে তুলুন

ENDGBV ট্রেনিং টিম থেকে আপনার কর্মক্ষেত্রে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার এবং এর বিভাগগুলির উপর একটি প্রশিক্ষণ অনুরোধ করুন বা লিঙ্গ-ভিত্তিক সহিংসতার এবং এর প্রভাব সম্পর্কে সচেতনতা বাড়াতে একটি কমিউনিটি ওয়ার্কশপ বা ইভেন্টের সময়সূচী করতে ENDGBV-এর আউটরিচ টিমের সাথে যোগাযোগ করুন। এখানে আরো জানুন কীভাবে প্রশিক্ষণ অনুরোধ করবেন (https://a002-irm.nyc.gov/EventRegistration/RegForm.aspx?eventGuid=d56eccda-1b89-4981-9af4-7f596d8b93f6) বা আউটরিচ টিমের সাথে যোগাযোগ করুন (https://www.nyc.gov/site/ocdv/programs/outreach.page)।

### 10টি উপায়ে আপনি লিঙ্গ-ভিত্তিক সহিংসতা বন্ধ করতে সাহায্য করতে পারেন।

1. **যারা এর বিরুদ্ধে টিকে থাকার লড়াই করছেন তাদের সহায়তা করুন**, তাদের কথা শুনুন এবং তাদের বিশ্বাস করুন
2. **পরবর্তী প্রজন্মকে শেখান এবং এতে অংশ নিতে বলুন** লিঙ্গ-ভিত্তিক সহিংসতার ব্যাপারে, বলুন এবং তাদের থেকে শিখুন
3. **লিঙ্গ-ভিত্তিক সহিংসতা পরিষেবার জন্য কল করুন**যা আপনার কমিউনিটির চাহিদা পূরণ করে
4. **সম্মতি নিন**, এবং নিশ্চিত করুন যে কোন অন্তরঙ্গ কার্যকলাপের সময় এটি রয়েছে
5. **লিঙ্গ-ভিত্তিক সহিংসতার এর ইশারাগুলি শিখুন** এবং কীভাবে আপনি সাহায্য করেবন জানুন
6. **বার্তালাপ শুরু করুন** আপনার কমিউনিটিতে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার এর ব্যাপারে
7. **সংস্থান ও তথ্য রাখুন** যে কীভাবে সাহায্য পাবেন সেই ব্যাপারে
8. **শক্তিশালী করুন ও সমর্থন করুন** সেই সংস্থাগুলিকে যারা লিঙ্গ-ভিত্তিক সহিংসতার রোধ করে ও এর সঙ্গে লড়াই করে
9. **নিজেকে এবং অন্যদের দায়বদ্ধ রাখুন**
10. **নিজেকে শিক্ষিত করে তুলুন**লিঙ্গ-ভিত্তিক সহিংসতা ডেটা দ্বারা এবং আরও ডেটার জন্য আবেদন করুন

**ইউএন উইমেন* *থেকে গৃহীত (https://www.unwomen.org/news/stories/2020/11/compilation-take-action-to-help-end-violence-against-women)*

## যারা এর বিরুদ্ধে টিকে থাকার লড়াই করছেন তাদের সহায়তা করুন, তাদের কথা শুনুন এবং তাদের বিশব্াস করুন

আপনি কীভাবে আপনার জীবনে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা শিকার হয়ে টিকে থাকার লড়াই করা ব্যক্তিদের সাহায্য করতে পারেন?

- **আপনি বা অন্যরা বিপদে পড়লে 911 নম্বরে কল করুন।** উল্লেখ্য যে এটি পুলিশের কাছে পৌঁছে দেবে।
- **যিনি জানাচ্ছেন তাকে বিশ্বাস করুন।** কোনো সিদ্ধান্তে না পৌঁছে বা কোনো পরামর্শ না দিয়ে তার কথা শুনুন:
  - সিদ্ধান্ত নেওয়ার জন্য ওই ব্যক্তিকে চাপ দেবেন না।
  - আপনার সহায়তার বিনিময়ে কোনোরূপ শতর্ রাখবেন না।
  - ক্ষতির জনয্ দায়ী বয্ক্তিকে অবজ্ঞা করা এড়িয়ে চলুন। এতে ক্ষতিগর্স্থ বয্ক্তিটির আপনার সাথে কথা বলার সম্ভাবনা কমে যাবে।
- **সহানুভূতিশীল ভাষা এবং বিবৃতি ব্যবহার করুন যেমন***:*
  - "এটা আপনার দোষ না; এটা আপনার প্রাপ্য নয়।"
  - "কীভাবে আপনাকে সাহাযয্ করতে পারি?"
  - "আপনার নিরাপত্তা নিয়ে আমি চিন্তিত; কী মনে হয় আপনার, কীভাবে নিরাপদ বোধ করবেন?"
- **আপনার পক্ষপাতগুলিকে সংবরন করুন***:*
  - লিঙ্গ নিরপেক্ষ ভাষা ব্যবহার করুন, যেমন 'মহিলারা' এর পরিবর্তে 'তারা' বা 'পুরুষসঙ্গী'-এর পরিবর্তে 'সঙ্গী'।
  - আপনার মুখের অভিবয্ক্তি এবং শরীরি ভাষা সম্পকের্ সচেতন হন।
  - বয্ক্তির ধমর্ বা সংস্কৃতিকে দোষারোপ করা বা সমথর্ন করা এড়িয়ে চলুন।
- **ভুক্তভোগীদের দোষারোপ করে এমন বিবৃতি এড়িয়ে চলুন**, **যেমন***:*
  - "কেন আপনি তাদের আপনার সাথে এমন আচরণ করতে দেবেন?"
  - "আপনি এমন কী করেছেন যাতে এমন ঘটল?"
  - "কেন তুমি চলে গেলে না, বা কেন তাড়াতাড়ি সাহাযয্ চাওনি?"
- **তারা প্রস্তুত হওয়ার পর**, **তাদের সাহায্য করতে পারেন এমন মানুষদের সঙ্গে কথা বলতে তাদের উৎসাহিত করুন***:*
  - তাদের নিরাপত্তার জন্য তাদের গোপনীয়তা এবং ব্যক্তিগত উদ্বেগকে সম্মান করুন।
  - আপনি সম্মত না হলেও তাদের নিজসব্ পছন্দ করার অধিকারকে সম্মান করুন।
  - ধৈযর্ ধরুন এবং যদি তারা আবার আবারও হিংসার শিকার হতে পারেন এমন পরিস্থিতিতে থাকতে চান তাহলেও সহায়তা চালিয়ে যান।
- নিপীড়িত ব্যক্তি জানতে চাইলে **বিশ্বস্ত উৎস থেকে তথ্য দিন**। তাদের NYC Hope, NYC এর অনলাইন রিসোর্স ডিরেক্টরি সম্পর্কে জানান যেখানে তারা বিনামূল্যে এবং গোপনীয় তথ্য এবং পরিষেবা পেতে পারিবারিক ন্যায়বিচার কেন্দ্র এবং অন্যান্য আশেপাশের সংস্থানগুলি খুঁজে পেতে পারেন ওয়েব, www.nyc.gov/nychope, এবং ফোন 800-621-4673 (HOPE)।

# সংস্থানসমূহ

### NYC HOPE

NYC HOPE (www.nyc.gov/nychope) হল একটি অনলাইন রিসোর্স ডিরেক্টরি যাতে কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলির তথ্য অন্তর্ভুক্ত থাকে যেগুলি পাঁচটি বরোতে গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার হওয়া ব্যক্তিদের নিয়ে কাজ করে।

এই ডাইরেক্টরি খোঁজা যেতে পারে এখানে:

- বরো
- আশ্রয় সহায়তা, কাউন্সেলিং, আইনি পরিষেবা, জরুরি আর্থিক সহায়তা সহ পরিষেবাগুলি উপলব্ধ কিন্তু তা এতেই সীমাবদ্ধ নয়
- LGBTQ+ ব্যক্তিবর্গ, মানবপাচার থেকে রক্ষা পাওয়া, কিশোর-কিশোরী, অভিবাসী সহ কিন্তু এতেই সীমাবদ্ধ নয় এমন নির্দিষ্ট জনগোষ্ঠীর সেবায় বিশেষজ্ঞ সংস্থাগুলি
- স্প্যানিশ, চীনা (ম্যান্ডারিন, ক্যান্টোনিজ এবং তাইওয়ানিজ), রাশিয়ান, বাংলা, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, আরবি, উর্দু, ফরাসি, পোলিশ সহ বহু ভাষা উপলব্ধ
- ব্যক্তিগতভাবে, অনলাইনে বা হুইলচেয়ার উপস্থিত থাকা যায় এমন সব অবস্থানে

NYC HOPE অনলাইনে:

www.nyc.gov/nychope

NYC 24/7 হটলাইনের ফোননমব্র:

800-621-HOPE(4673)

তাৎক্ষণিক নিরাপত্তা পরিকল্পনা, আশর্য় সহায়তা এবং অনয্ানয্ সংস্থানের জনয্।

## নিউ ইয়কর্ সিটি পারিবারিক নয্ায়বিচার কেন্দর্সমূহ

*[নিউ ইয়র্ক সিটি পারিবারিক ন্যায়বিচার কেন্দ্রসমূহ]* (NYC Family Justice Centers, FJCs) (www.nyc.gov/site/ocdv/programs/family-justice-centers.page) গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার এবং তার সঙ্গে লড়াই করে টিকে থাকা ব্যক্তিদের জন্য ফোনে এবং ব্যক্তিগতভাবে বিনামূল্যে পরিষেবা এবং গোপনীয় সহায়তা প্রদান করে। ভাষা, আয়, লৈঙ্গিক পরিচিতি, বা অভিবাসন অবস্থা নির্বিশেষে সকলকে স্বাগত জানানো হয়।

**সশরীরে উপসি্থরি সহ পরিষেবা পেতে**, আপনার বরোতে বা যেখানে আপনি নিরাপদ বোধ করেন সেখানকার FJC-তে যোগাযোগ করুন, সোম থেকে শুকর্, 9সকাল – 5বিকেল। অয্াপয়েন্টমেন্ট আবশয্ক নয়।

**দূরবতর্ী পরিষেবা পেতে**, আপনি আপনার নিকটতম FJC-তে যোগাযোগ করতে পারেন 311 বা নীচে দেওয়া ফোন নমব্রগুলিতে ফোন করে। যদি আপনাকে জিজ্ঞাসা করা হয় এবং আপনি এটা করা নিরাপদ মনে করেন, দয়া করে একটি বাতর্া দিন এবং কেউ একজন আপনাকে ফিরতি কল করবেন।

**BRONX**
নিউ ইয়কর্ সিটি পারিবারিক নয্ায়বিচার কেন্দর্সমূহ
198 EAST 161ST STREET, 2ফ্লোর
(718) 508-1220

**BROOKLYN**
NYC পারিবারিক নয্ায়বিচার কেন্দর্সমূহ
350 JAY STREET, 15TH FL.
(718) 250-5113

**MANHATTAN**
NYC পারিবারিক নয্ায়বিচার কেন্দর্সমূহ
80 CENTRE STREET, 5TH FL.
(212) 602-2800

**QUEENS**
NYC পারিবারিক নয্ায়বিচার কেন্দর্সমূ
126-02 82ND AVENUE
(718) 575-4545

**STATEN ISLAND**
NYC পারিবারিক নয্ায়বিচার কেন্দর্সমূ
126 STUYVESANT PLACE
(718) 697-4300

# 16 DAYS OF ACTIVISM AGAINST GENDER-BASED VIOLENCE

WWW.NYC.GOV/16DAYS

---

NYC Mayor's Office to End Domestic and Gender-Based Violence

@NYCENDGBV

NYC COMMISSION ON GENDER EQUITY

@GENDEREQUITYNYC

@NYCGENDEREQUITY

NYC Mayor's Office of Equity & Racial Justice

@EQUITYNYCGOV

সবর্শেষ আপডেট নভেমব্র 2023